**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষিসম্প্রসারণ অধিদপ্তর**
**উপপরিচালকের কার্যালয়**
**খামারবাড়ি, ঝালকাঠি।**

# মে ২০২২ মাসে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতিঃ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝালকাঠি
তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রিঃ সময়: বিকালঃ ৪.০০ ঘটিকা
স্থানঃ উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝালকাঠি
উপস্থিতিঃ উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট- 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নৈতিকতা কমিটির সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন যে সরকারি নীতি পরিপন্থি কোনো কাজ না করা এবং স্বচ্ছতা ও দ্রুততার সাথে জনগণকে সেবা দেয়া সকল কর্মকর্তা ও কর্মচারীর নৈতিক দায়িত্ব। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক সরকারি সেবা প্রদানে সকল ক্ষেত্রে নৈতিকতা প্রতিষ্ঠা করতে হবে। জনগণের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সকলকে এ বিষয়ে সচেতন হতে হবে। নৈতিকতা কমিটির সভায় অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) এবং কমিটির সদস্য সচিবকে নিম্নলিখিত বিষয়ের উপর বিস্তারিত আলোকপাত করতে বলা হয়।

১. সেবা প্রত্যাশী জনগণের কোনো সমস্যা হয় কিনা তা নিয়মিত তদারকি করা হয়।
২. সেবা প্রত্যাশী জনগণ যাতে অল্প সময়ে কাঙ্খিত সেবা পায় সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীগণের সচেতনতা বাড়াতে এবং কোনো কর্মকর্তা কর্মচারী কর্তৃক অনৈতিক কাজে জড়িত না হওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।

সভাপতি বলেন যে "রূপকল্প ২০২১" বাস্তবায়ন তথা সমৃদ্ধ রাষ্ট্র গঠন করতে হলে সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতসহ কর্মকর্তা কর্মচারীগণকে সততা ও নিষ্ঠার সাথে কর্তব্য পালন করতে হবে। জেলা প্রশিক্ষণ অফিসার সভায় জানান যে পূর্ববর্তী সময়ের তুলনায় এখন কর্মকর্তা কর্মচারীদের মধ্যে ক্রমেই জনসাধারণকে সেবা প্রদানের মানসিকতা বৃদ্ধি পাচ্ছে। সভাপতি বলেন কর্মকর্তা কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং সরকারি বিধি নিষেধ মেনে সেবার মানসিকতা নিয়ে নিজ নিজ কর্তব্য নিষ্ঠার সাথে পালন করতে হবে। সর্বক্ষেত্রে এভাবে নৈতিকতা প্রতিষ্ঠা করতে পারলে সেবাপ্রত্যাশীগণ যথাসময়ে সঠিক সেবা পাবেন। এ বিষয়ে অন্যান্য সদস্যগণও আলোচনায় অংশ নেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করেত হবে।
২. প্রশিক্ষণ কর্মসূচিতে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়টি অন্তর্ভূক্ত করা হবে। এ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ মোতাবেক গৃহীতব্য কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তাকে তার নির্ধারিত কার্যক্রম সম্পাদন নিশ্চিত করতে হবে।
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ মোতাবেক গৃহীতব্য কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তাকে তার নির্ধারিত কার্যক্রম সম্পাদন নিশ্চিত করতে হাবে।
৫. সেবা প্রত্যাশী জনগণের কোনো সমস্যা হয় কিনা তা নিয়মিত তদারকি করতে হবে এবং কোনো সমস্যা পরিলক্ষিত হলে তাৎক্ষনিক সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

অতঃপর সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে ও কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে নৈতিকতা প্রতিষ্ঠার অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মনিরুল ইসলাম)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি

স্মারক নং-১২.১৭.৪২০০.০৩৯.০২.০১৮.১৯/৪৫৮/১(১১) তারিখঃ ১৭/০৫/২০২২ইং

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. জেলা প্রশিক্ষণ অফিসার, ডিএই, ঝালকাঠি।
২. অতিরিক্ত উপপরিচালক (উদ্যান/পিপি), ডিএই, ঝালকাঠি।
৩. উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল), অত্র দপ্তর।
৪. প্রধান সহকারী, অত্র দপ্তর।
৫. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর
৬. অফিস সহায়ক, অত্র দপ্তর।
৭. নিরাপত্তা প্রহরী, অত্র দপ্তর।
৮. পরিচ্ছন্নতা কর্মী, অত্র দপ্তর।
৯. অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।

১৭/৫/22
(মোঃ মনিরুল ইসলাম)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি